



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সারাদেশের সব কমিটির কার্যক্রম স্থগিত, শুধু কেন্দ্রীয় কমিটি বহাল



সংগৃহীত ছবি

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় কমিটি ব্যতীত সারাদেশের সব আঞ্চলিক কমিটির কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে। রোববার (২৭ জুলাই) সন্ধ্যায় শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে আয়োজিত এক জরুরি সংবাদ সম্মেলনে এ সিদ্ধান্ত জানান সংগঠনের সভাপতি রিফাত রশিদ।

তিনি বলেন, “সাম্প্রতিক কিছু ঘটনায় আমরা লক্ষ্য করেছি—বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানার ব্যবহার করে কিছু ব্যক্তি অপকর্মে জড়ানোর চেষ্টা করছে। সংগঠনের গুরুত্ব দিনেই আমরা সতর্ক করেছিলাম যে, কোনো ধরনের দুর্নীতি বা অনিয়ম বরদাস্ত করা হবে না। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে কিছু আঞ্চলিক ইউনিট বিভিন্ন রাজনৈতিক দলের ইচ্ছাতে জড়িয়ে পড়েছে, যা এখন নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে।”

এই পরিস্থিতিতে জরুরি ভিত্তিতে সংগঠনের অর্গানোগ্রামভুক্ত চারজনের অংশগ্রহণে বৈঠক ডাকা হয়। সেখানে সর্বসম্মত সিদ্ধান্তে কেন্দ্রীয় কমিটি ব্যতীত অন্যান্য সব কমিটির কার্যক্রম স্থগিতের ঘোষণা দেওয়া হয়।

রিফাত রশিদ বলেন, “আজ থেকে কেন্দ্রীয় কমিটি ছাড়া সংগঠনের কোনো কমিটি বৈধ নয়। পরবর্তী কার্যক্রম কীভাবে পরিচালিত হবে, তার একটি রূপরেখা তৈরি করা হবে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন একটি নীতিনিষ্ঠ প্ল্যাটফর্ম—এখানে দুর্নীতি ও অনিয়মের কোনো জায়গা নেই।”

সংগঠনের পক্ষ থেকে জানানো হয়, শিগগিরই ভবিষ্যৎ কৌশল ও কার্যক্রম নির্ধারণে কেন্দ্রীয় কমিটির উদ্যোগে নতুন পরিকল্পনা নেওয়া হবে।